

গবেষণা বিভাগের পরিচিতি ও তথ্যঃ

গবেষণা বিভাগ ইসলামিক ফাউন্ডেশনের প্রতিষ্ঠালগ্ন থেকে বিভিন্ন গবেষণাকর্ম পরিচালনা করে আসছে। ইসলামের মৌলিক ও গুরুত্বপূর্ণ বিষয় যেমন- কুরআন, হাদীস, ফিকহ, মাসআলা-মাসায়েল ও ইসলামী বিষয়সমূহের উপর গবেষণাকর্ম পরিচালনা ও প্রকাশনা, গবেষণালব্ধ বিষয়াবলি পুস্তকাকারে প্রকাশ এবং গবেষণামূলক বিভিন্ন প্রকল্প বাস্তবায়ন এ বিভাগের কার্যাবলির অন্তর্ভুক্ত। ইতোমধ্যে এ বিভাগ থেকে Scientific Indications in the Holy Quran, Muslim Contribution to Science & Technology এবং বিধিবদ্ধ ইসলামী আইন, হাদীস ও সামাজিক বিজ্ঞান, হাদীসের আলোকে হানাফী মাযহাবের তত্ত্ব ও দর্শন, মাসাইলে আহনাফ, আরবী-বাংলা ও বাংলা-আরবী অভিধান, আইন ও সামাজিক বিজ্ঞান, দৈনন্দিন জীবনে ইসলাম, ফাতাওয়া ও মাসাইল, ফাতাওয়াদানে প্রয়োজনীয় যোগ্যতা, মুফতি মোহাম্মদ তাকী উসমানী (রহ.), আস সিহাহ আস সিহাহ প্রভৃতি বিষয়ে গ্রন্থাদি প্রণয়নসহ প্রকাশিত হয়েছে। ইসলামী আইন, আরবী ভাষা কোর্স, শিক্ষক প্রশিক্ষণ কোর্স, ইসলামের মৌলিক বিষয়সহ সমসাময়িক বিভিন্ন বিষয়ে সভা-সেমিনার ওয়ার্কশপ আয়োজন ও বাস্তবায়ন এ বিভাগের মাধ্যমে হয়ে থাকে। ২০০৬-২০২৪ পর্যন্ত প্রায় ২৫০০ ফাতাওয়া ইসলামিক ফাউন্ডেশন শিরোনামে তিন ভলিয়মে ছাপানোর জন্য পাণ্ডুলিপি প্রণয়ন করা হয়েছে। এছাড়া আধুনিক ও উদ্ভূত নতুন বিষয়ে ফাতাওয়াদানে প্রয়োজনীয় যোগ্যতা শিরোনামে অন্য একটি আপডেট গবেষণা সম্বলিত পাণ্ডুলিপি প্রকাশের জন্য প্রক্রিয়াধীন রয়েছে। “ইসলামিক ফাউন্ডেশন পত্রিকাটি” বর্তমানে ইসলামিক ফাউন্ডেশন জার্নালে উন্নীত করে ইউনেস্কো থেকে নতুন আই.এস.এস.এন নাম্বার সংগ্রহ করা হয়েছে এবং উক্ত গবেষণামূলক পত্রিকাটি আন্তর্জাতিক মানের করা হয়েছে। এ বিভাগের তত্ত্বাবধানে বিগত ৬৩ বছর ধরে উক্ত গবেষণাধর্মী জার্নাল/পত্রিকা নিয়মিত প্রকাশিত হয়ে আসছে। ইতোমধ্যে এ বিভাগ হতে এম.ফিল ও পি.এইচডি ফেলোশিপ নীতিমালা প্রণয়ন করা হয়েছে। একজন পরিচালক এ বিভাগের প্রধান হিসেবে দায়িত্ব পালন করেন।

২০
রাশিদা আক্তার
পরিচালক
গবেষণা বিভাগ
ইসলামিক ফাউন্ডেশন